

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
কোম্পানি এ্যাফেয়ার্স শাখা-২
ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.powerdivision.gov.bd



স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০৮৯.৯৯.০০৬.১৯.৭৮

তারিখ: ২৭ মাঘ ১৪২৬

১০ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: নভেল করোনা ভাইরাস ২০১৯ (২০১৯-nCoV) সম্পর্কে বিদ্যুৎ বিভাগের আওতাধীন কোম্পানিসমূহকে নির্দেশনা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চীনসহ কয়েকটি দেশে নভেল করোনা ভাইরাস ২০১৯ (২০১৯-nCoV) ছড়িয়ে পড়েছে। এই ভাইরাস দিন দিন মহামারি আকার ধারণ করছে। উক্ত ভাইরাস সম্পর্কে বিদ্যুৎ বিভাগের আওতাধীন কোম্পানিসমূহকে ইতোমধ্যে মৌখিকভাবে নির্দেশনা প্রদান করা হয়েছিল। এই ভাইরাস সম্পর্কে নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করা হল:

যেভাবে ছড়ায়:

বিশেষজ্ঞরা নিশ্চিত হয়েছেন যে, এই ভাইরাসটি একজন মানুষের দেহ থেকে আরেকজন মানুষের দেহে দ্রুত ছড়াতে পারে। করোনা ভাইরাস মানুষের ফুসফুসে সংক্রামণ ঘটায় এবং শ্বাসতন্ত্রের মাধ্যমেই এটি একজনের দেহ থেকে আরেকজনের দেহে ছড়ায়।

লক্ষণ:

- জ্বর এবং কাশি।
- শ্বাস কষ্ট এবং নিউমোনিয়া।
- অরগ্যান ফেইলিওর বা দেহের বিভিন্ন প্রত্যঙ্গ বিকল হয়ে যাওয়া।
- ভাইরাসটি শরীরে ঢোকার পর সংক্রামণের লক্ষণ দেখা দিতে প্রায় পাঁচ দিন সময় লাগে। প্রথম লক্ষণ হচ্ছে জ্বর। তারপর দেখা যায় শুকনা কাশি। এক সপ্তাহের মধ্যে দেখা যায় শ্বাসকষ্ট।


প্রতিকার:

যেহেতু এই ভাইরাসটি নতুন, তাই এর কোনো টিকা বা ভ্যাকসিন এখনো নেই এবং চিকিৎসা ও লক্ষণ ভিত্তিক। তবে-

- যারা ইতিমধ্যেই আক্রান্ত হয়েছে বা এই ভাইরাস বহন করেছে- তাদের সংস্পর্শ এড়িয়ে চলা।
- বার বার হাত ধোয়া, হাত দিয়ে নাক-মুখ স্পর্শ না করা, ঘরের বাইরে গেলে মাস্ক পরা।
- ভাইরাসটি এখন চীনের অন্যান্য শহর এবং চীনের বাইরে বিভিন্ন দেশে ছড়িয়ে পড়েছে।

এমতাবস্থায়, নভেল করোনা ভাইরাস ২০১৯ (২০১৯-nCoV)-এর উপরোক্ত লক্ষণ ও প্রতিকার সম্পর্কে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হল। একইসাথে পুনরাদেশ না দেয়া পর্যন্ত দেশ থেকে চীন ভ্রমণে কোন কর্মকর্তা/কর্মচারিকে অনুমতি প্রদান না করা এবং চীন থেকে দেশে ফেরত কর্মকর্তা/কর্মচারিকে সরকার নির্ধারিত স্থানে (আশকোনা হাজী ক্যাম্প) ১৪ দিন অবস্থানের পর মূল ভূখণ্ডে প্রবেশের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



১০-২-২০২০

এইচ. এম. নূরুল ইসলাম

উপসচিব

ফোন: ০২-৯৫৪০২৮৯

ইমেইল: c.affairs-2@pd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) প্রধান নির্বাহী কর্মকর্তা, নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লি:।
- ২) ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানি লি:।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লি:।
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লি:।
- ৫) ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লি:।
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, বি-আর পাওয়ারজেন লি:।
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লি:।
- ৮) ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
- ৯) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
- ১০) ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:।
- ১১) ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লি:।

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০৮৯.৯৯.০০৬.১৯.৭৮/১(৩)

তারিখ: ২৭ মাঘ ১৪২৬

১০ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ।
- ২) যুগ্মসচিব (কো: এ্যা:), বিদ্যুৎ বিভাগ।
- ৩) সচিবের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



১০-২-২০২০

এইচ. এম. নূরুল ইসলাম

উপসচিব